

প্রথম আলো

শুক্রবার, ৭ ফেব্রুয়ারি ২০২০, ২৪ মাঘ ১৪২৬



ইউআইইউ'র ষষ্ঠ সমাবর্তন অনুষ্ঠিত

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) ষষ্ঠ সমাবর্তন গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের মাদানি অ্যাভিনিউ ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের পক্ষে তাঁর প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী দীপু মনি সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। তিনি বলেন, জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণ ও ডিজিটাল বাংলাদেশ গড়তে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে অধিকতর কার্যকর ভূমিকা পালন করতে হবে। সমাবর্তন বক্তা ছিলেন প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্কবিষয়ক উপদেষ্টা গওহর রিজভী। বক্তব্য দেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক চৌধুরী মোফিজুর রহমান প্রমুখ। সমাবর্তন অনুষ্ঠানে ২৩৫২ জন শিক্ষার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি এবং কৃতিত্বপূর্ণ ফলের জন্য চারজন শিক্ষার্থীকে স্বর্ণপদক দেওয়া হয়। বিজ্ঞপ্তি